# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসলিমদের মাঝে অনাবৃষ্টি হলে কী দু‘আ করবে, তার বিবরণ

ذِكْرُ مَا يَدْعُو الْمَرْءُ بِهِ عِنْدَ وُجُودِ الجدب بالمسلمين

আরবী

2849 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحيَى بْنِ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا طَاهِرُ بْنُ خَالِدِ بْنِ نِزَارٍ الْأَيْلِيُّ حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ مَبْرُورٍ عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ الْأَيْلِيِّ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: شَكَا النَّاسُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَحْطَ الْمَطَرِ فَأَمَرَ بِالْمِنْبَرِ فَوُضِعَ لَهُ فِي الْمُصَلَّى وَوَعَدَ النَّاسَ يَوْمًا يَخْرُجُونَ فِيهِ قَالَتْ عَائِشَةُ: فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ بَدَا حَاجِبُ الشَّمْسِ فَقَعَدَ عَلَى الْمِنْبَرِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: (إِنَّكُمْ شَكَوْتُمْ جَدْبَ جِنَانِكُمْ وَاحْتِبَاسَ الْمَطَرِ عَنْ إِبَّانِ زَمَانِهِ عَنْكُمْ وَقَدْ أَمَرَكُمُ اللَّهُ أَنْ تَدعُوهُ وَوَعَدَكُمْ أَنْ يَسْتَجِيبَ لَكُمْ) ثُمَّ قَالَ: ({الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ. الرَّحْمَنِ الرَّحِيمِ. مَالِكِ يَوْمِ الدين} [الفاتحة: 2-4] لَا إِلَهَ إِلَّا أَنْتَ تَفْعَلُ مَا تُرِيدُ اللَّهُمَّ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْغَنِيُّ ـ وَنَحْنُ الْفُقَرَاءُ ـ أَنْزِلْ عَلَيْنَا الْغَيْثَ وَاجْعَلْ مَا أَنْزَلْتَ لَنَا قُوَّةً وَبَلَاغًا إِلَى خَيْرٍ) ثُمَّ رَفَعَ يَدَيْهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ حَتَّى رَأَيْنَا بَيَاضَ إِبْطَيْهِ ـ ثُمَّ حَوَّلَ إِلَى النَّاسِ ظَهْرَهُ وَقَلَبَ ـ أَوْ حَوَّلَ ـ رِدَاءَهُ وَهُوَ رَافِعٌ يَدَيْهِ ثُمَّ أَقْبَلَ عَلَى النَّاسِ وَنَزَلَ فَصَلَّى رَكْعَتَيْنِ فَأَنْشَأَ اللَّهُ سَحَابًا فَرَعَدَتْ وَأَبْرَقَتْ وَأَمْطَرَتْ بِإِذْنِ اللَّهِ فَلَمْ نَلْبَثْ فِي مَسْجِدِهِ حَتَّى سَالَتِ السُّيُولُ فَلَمَّا رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَثَقَ الثِّيَابِ عَلَى النَّاسِ ضَحِكَ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ وَقَالَ: (أَشْهَدُ أَنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ وَإِنِّي عبد الله ورسوله)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2849 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২৮৪৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "লোকেরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে অনাবৃষ্টির অভিযোগ করলে তিনি ঈদগাহে মিম্বার স্থাপনের নির্দেশ দিলেন, অতঃপর মিম্বার স্থাপন করা হলো। তিনি মানুষদেরকে একদিন বের হওয়ার জন্য প্রতিশ্রুতি দিলেন। আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বের হলেন, যখন সূর্য কিনারা প্রকাশ পায়, তারপর তিনি মিম্বারের উপর বসলেন, আল্লাহর প্রশংসা ও গুণকীর্তন করলেন, তারপর তিনি বললেন, "নিশ্চয়ই তোমরা তোমাদের বাগানের (জন্য) অনাবৃষ্টি এবং বৃষ্টির সময়ে বৃষ্টি না হওয়ার অভিযোগ করেছো, আর আল্লাহ আদেশ করেছেন তাঁর কাছে দু'আ করতে এবং তিনি তোমাদের কাছে ওয়াদা করেছেন তোমাদের দু'আ করার জন্য।"

রাবী বলেন, "তারপর তিনি বলেন, الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ * الرَّحْمَنِ الرَّحِيمِ * مَالِكِ يَوْمِ الدين (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগৎসমূহের প্রতিপালক। তিনি সর্বদয়ালু, সবিশেষ করুণাময়। প্রতিফল দিবসের অধিপতি - সূরা ফাতিহা: ২-৪) আপনি ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, আপনি যা ইচ্ছা করেন, তা সম্পাদন করেন। হে আল্লাহ, আপনি আল্লাহ, আপনি ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, আপনি ধনী আর আমরা দরিদ্র। আপনি আমাদের উপর বৃষ্টির পানি বর্ষন করুন, আর আপনি যা অবতীর্ণ করবেন, তা আমাদের জন্য শক্তি এবং নির্দিষ্ট সময় পর্যন্ত পর্যাপ্ত করে দিন।" তারপর তিনি তাঁর দুই হাত উঠান এমনকি আমরা তাঁর দুই বগলের শুভ্রতা দেখতে পেলাম। তারপর তিনি তাঁর পিঠকে মানুষের দিকে ফেরালেন এবং হাত উঠানো অবস্থাতেই তাঁর চাদর পরিবর্তন বা উল্টিয়ে নিলেন। অতঃপর তিনি মানুষের অভিমুখী হলেন, মিম্বার থেকে নামলেন, অতঃপর দুই রাকা'আত সালাত আদায় করলেন। তারপর মহান আল্লাহ মেঘ সৃষ্টি করলেন, মেঘ গর্জন করলো, বিদ্যুৎ চমকালো এবং আল্লাহর অনুমতিতে বৃষ্টিপাত হলো। এমনকি তিনি সালাতের স্থানে অবস্থান করতেই বৃষ্টিতে প্লাবিত হয়ে গেলো। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন দেখলেন মানুষ নিজেদের উপর কাপড় জড়িয়ে নিচ্ছে, তখন তিনি মৃদু হাসলেন এমনকি তাঁর সামনের দাঁতগুলো প্রকাশ পেয়ে গেলো। তিনি বলেন, "আমি সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে ক্ষমতাবান, আর আমি আল্লাহর বান্দা ও রাসূল।"[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ১১৭৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩২৫; সুনান বাইহাকী: ৩/৩৪৯; হাকিম: ১/৩২৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৬৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92179

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন